গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

## সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম, এনডিসি<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১১.০০ মিনিট |
| স্থান | শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | ভার্চুয়াল সভা |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। তিনি সভাকে অবহিত করেন যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়ন করছে। কিন্তু মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ড অদ্যাবধি ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন করেননি যা খুবই দুঃখজনক। সভাপতি রাজশাহী শিক্ষা বোর্ড ও অবসর সুবিধা বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তার দৃষ্টি আকর্ষন করলে আগামী সপ্তাহের মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিল করবেন মর্মে সভাপতিকে জানান। সভাপতি বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর-দপ্তর-সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন করছে। তাই যথাসময়ে সকল কার্যক্রম সম্পাদন করতে হবে এবং এখানে অবহেলা করার কোন সুযোগ নেই। জনাব মোঃ ফজলুর রহমান, সিনিয়র সহকারী সচিব সভায় আরো জানান যে, ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) বার্ষিক প্রতিবেদন মূল্যায়নক্রমে দেখা গেছে যে, ১) আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ২) বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন ৩) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট ৪) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ড এবং ৫) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা তাদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত প্রতিবেদন A.P.A.M.S. সফটওয়্যারে এন্ট্রি না করায় কোন নম্বর প্রাপ্ত হননি। সভাপতি এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং ভবিষ্যতে এ ধরনের ভুল না করার জন্য আওতাধীন সকল অধিদপ্তর-দপ্তর-সংস্থার দৃষ্টি আকর্ষন করেন। সভাপতি আরো বলেন যে, ২০২০-২০২১ অর্থবছরের এ.পি.এ., জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ মাসিক Activity Execution Calender প্রণয়ন করেছে এবং মন্ত্রিপরিষদ বিভাগ এই উদ্যোগের প্রশংসা করেছে। তিনি প্রশাসন অধিশাখার উপসচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল-মামুন এবং সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ ফজলুর রহমানকে এমন একটি উদ্যোগ গ্রহণ করা জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন । এরপর তিনি সভায় মাসিক Activity Execution Calender প্রদর্শন করেন এবং অনুরূপভাবে সকলকে মাসিক Activity Execution Calender প্রণয়নের বিষয়ে পরামর্শ প্রদান করেন। এ.পি.এ., শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সংক্রান্ত কার্যক্রম নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**৩. সিদ্ধান্তসমূহ:**

**৩.১** আগামী ১৫ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ-এর মধ্যে উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে;

**৩.২** স্ব-স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স, তথ্য অধিকার সেবাবক্স ও অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে;

৩.৩ সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমান করতে হবে;

৩.৪ আগামী ১৫ ডিসেম্বর ২০২০ খ্রিস্টাব্দ-এর মধ্যে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৩.৫ স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রণয়ন/হালনাগাদ ও বাস্তবায়ন করতে হবে;

৩.৬ আগামী ৩১ মে ২০২১ খ্রিস্টাব্দ-এর মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৩.৭. আগামী ১২ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ-এর মধ্যে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

৩.৮ আগামী ১২ অক্টোবর ২০২০ খ্রিস্টাব্দ-এর মধ্যে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.)- এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন A.P.A.M.S. সফটওয়্যারে দাখিল করে এ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখায় প্রেরণ করতে হবে এবং ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ হাসানুল ইসলাম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.৯৫

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৭
৩০ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সংস্থাসমূহ।
৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/ময়মনসিংহ।
৪) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৫) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা , মন্ত্রিপরিষদ বিভাগ।
৬) সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ।
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

মোঃ ফজলুর রহমান
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)